

জনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর  
সেকশন-২, মিরপুর, ঢাকা -১২১৬  
[www.dpe.gov.bd](http://www.dpe.gov.bd)

স্মারক নং – ৩৮.০১.০০০০.৬০০.০২.০০২.২৩-৬০


তারিখ: ০৬/০২/২০২৩ খ্রি :

বিষয়: জাতীয় শিক্ষাক্রম ২০২১ (প্রাথমিক স্তর) এর বিস্তারিত বিষয়ক অনলাইন প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৩ শিক্ষাবর্ষ থেকে সারাদেশের প্রাথমিক স্তরের সকল শিক্ষা প্রতিষ্ঠানে জাতীয় শিক্ষাক্রম নুসরণে ২০২১-এর আলোকে প্রণীত শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক অনুযায়ী শিখন কার্যক্রম চালু হতে যাচ্ছে। শিক্ষাক্রম বাস্তবায়নের মিমিত্ত প্রাথমিক স্তরের সকল শিক্ষকের জন্য জাতীয় শিক্ষাক্রম ২০২১ (প্রাথমিক স্তর) এর বিস্তারিত বিষয়ক অনলাইন প্রশিক্ষণ কোর্স চালু করা হয়েছে।

এই পরিপ্রেক্ষিতে, সরকারি, বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের ও এবতেদায়ি মাদ্রাসার সকল শিক্ষককে আগামী ০৩ ফেব্রুয়ারি ২০২৩ থেকে ০৩ মার্চ ২০২৩-এর মধ্যে ই-লার্নিং প্ল্যাটফর্ম মুক্তপাঠ ([dpe.muktopaath.gov.bd](http://dpe.muktopaath.gov.bd)) এ যুক্ত হয়ে শিক্ষকগণের ব্যক্তিগত PIN আইডি ক্যামেরা করে অনলাইন প্রশিক্ষণটি সম্পন্ন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২। বিষয়ে যথাযথ কর্তৃপক্ষের সময় অনুমোদন রয়েছে।

  
ড. উসমান কুমার দাস  
পরিচালক (প্রশিক্ষণ)  
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর

সংযুক্তি

- ১) অনলাইন প্রশিক্ষণে অংশগ্রহণের নির্দেশিকা
- ২) ব্যক্তিগত পিন আইডি

বিস্তারণ:

- ১) উপপরিচালক, ঢাকা/খুলনা/সিলেট/বরিশাল/ময়মনসিংহ/রাজশাহী/রংপুর/চট্টগ্রাম
- ২) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)
- ৩) উপজেলা/থানা শিক্ষা অফিসার (সকল) বর্নিত প্রশিক্ষণ সম্পন্ন করণের প্রয়োজনীয় ব্যবস্থাগ্রহণের অনুরোধসহ

সবয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১) মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
- ২) চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা
- ৩) প্রকল্প পরিচালক (মুদ্রাসচিব), এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
- ৪) সুপারিস্টেন্টেন্ট, পিটিআই (সকল)
- ৫) ইপট্রাক্টর, ইউআরসি/ টিআরসি (সকল)

## অনলাইন প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণের নির্দেশিকা

১. জাতীয় শিক্ষাক্রম ২০২১ (প্রাথমিক স্তর) এর বিস্তারিত বিষয়ক অনলাইন প্রশিক্ষণ কোর্সে প্রবেশ করতে <https://dpe.muktopaath.gov.bd> ভিজিট করুন। অথবা সরাসরি <https://dpe.muktopaath.gov.bd/course-details/1044> এই লিংকে ভিজিট করে কোর্সে প্রবেশ করুন।
২. কোর্সে প্রবেশ করার পর 'কোর্সটি শুরু করুন' বাটনে ক্লিক করে কোর্সে নিবন্ধন/লগইন করতে হবে। আপনি যদি ইতোমধ্যে মুক্তপাঠে নিবন্ধিত হয়ে থাকেন তাহলে সরাসরি আপনার মুক্তপাঠ ইউজার আইডি (রেজিস্ট্রেশনে ব্যবহৃত ইমেইল বা ফোন নম্বর) এবং পাসওয়ার্ড দিয়ে লগইন করুন।
৩. আপনি যদি পূর্বে মুক্তপাঠে নিবন্ধিত না থাকেন তাহলে এখানে 'রেজিস্ট্রেশন করুন' বাটনে ক্লিক করে প্রয়োজনীয় তথ্যাদি পূরণ করে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে।
৪. রেজিস্ট্রেশন সম্পন্ন করার সময় আপনার মোবাইল/ইমেইল যে কোন একটি ব্যবহার করা যাবে। মোবাইলের মাধ্যমে রেজিস্ট্রেশন করলে মোবাইলে একটি OTP আসবে আর ইমেইল ব্যবহার করলে ইমেইলে একটি ভেরিফিকেশন লিংক যাবে। OTP/ ইমেইল ভেরিফিকেশনের মাধ্যমে রেজিস্ট্রেশন সম্পন্ন হবে।
৫. এছাড়াও, এই কোর্সে অংশগ্রহণ বা রেজিস্ট্রেশনের সময় প্রাথমিকের শিক্ষক হিসেবে ভেরিফিকেশনের জন্য আপনার শিক্ষক PIN নম্বর এবং অশ্রুতান্ত্রিক (সার্টিফিকেট অনুমারী) প্রয়োজন হবে। ভেরিফিকেশন ফরমে আপনার শিক্ষা স্তর/পর্যায়ে উপজাতিন মেনু থেকে প্রাথমিক সিলেক্ট করতে হবে। শিক্ষক PIN নম্বর ভেরিফিকেশনের ক্ষেত্রে একজন শিক্ষক একটি মাত্র শিক্ষক PIN নম্বর ব্যবহার করতে পারবেন। একাধিক একাউন্ট তৈরি বা একই নাম্বার একাধিকবার ব্যবহার করা যাবে না।
৬. মুক্তপাঠে রেজিস্ট্রেশন ও প্রোফাইল আপডেট করার সময় আপনার সার্টিফিকেটের নামটি সঠিকভাবে লিপ্যন্তে হবে। আপনার আইডি থেকে একবার সার্টিফিকেট তৈরি হওয়ার পর সার্টিফিকেটের নাম পরিবর্তন করা যাবে না।
৭. এই কোর্সে মোট ৬টি মডিউল ও প্রত্যেকটি মডিউলের অভ্যন্তরে ৩-৪টি পাঠ/লেসন রয়েছে। প্রতিটি পাঠে রয়েছে নির্ধারিত বিষয়বস্তু যেমন: পূর্ব অভিজ্ঞতা পর্যালোচনা, ভিডিও কনটেন্ট, পাঠ সহায়িকা (পিডিএফ), স্ব-মূল্যায়ন (কুইজ), মতামত ও আলোচনা। প্রত্যেকটি পাঠ/লেসনে প্রদত্ত নির্দেশনা অনুযায়ী অংশগ্রহণের মাধ্যমে পাঠটি সম্পন্ন হবে এবং ডান পাশে সজুজ টিকমার্ক দেখা যাবে। পাঠ সম্পন্ন না হলে বা টিকমার্ক দেখা না গেলে নির্দেশনা খেয়াল করুন।
৮. প্রত্যেকটি পাঠ ধাপে ধাপে সম্পন্ন করে কোর্সটি সম্পন্ন করতে হবে, একটি পাঠ সম্পন্ন না করে পরের পাঠে যাওয়া যাবে না। সকল পাঠ (১০০%) সম্পন্ন করলে আপনি সার্টিফিকেট আবেদন করতে পারবেন।
৯. এই কোর্সের সকল ভিডিও নির্দেশিকা কনটেন্ট, পাঠসহায়িকা, কুইজ ইত্যাদি প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, এনসিটিবি এবং ইউরোপীয় ইউনিয়নের মাধ্যমে নির্মিত। বিনা অনুমতিতে কোর্সের কোন ভিডিও, পাঠসহায়িকা, কুইজের প্রকল্পের সামাজিক যোগাযোগ মাধ্যম (ফেসবুক/ইউটিউব) বা অন্য কোন মাধ্যমে শেয়ার করা নিষিদ্ধ। কোনো ব্যবহারকারী এতদুপকর্তব্যে অর্জিত হলে তার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।
১০. মুক্তপাঠ টিমের সাথে যোগাযোগ (বিস্তারিত কোর্স পাতায় রয়েছে):
  - ✓ ইমেইল: [info@muktopaath.gov.bd](mailto:info@muktopaath.gov.bd)
  - ✓ ফেসবুক পেইজ: [www.facebook.com/muktopaath.gov.bd](http://www.facebook.com/muktopaath.gov.bd)

